



**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours Part-II Examination, 2020

বাংলা

চতুর্থ পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

১৮×২=৩৬

- ১। ট্রাজেডির সংজ্ঞা ও সাধারণ বৈশিষ্ট্য নির্দেশ করো। একটি উল্লেখযোগ্য বাংলা ট্রাজেডি নাটকের পরিচয় দাও। ৩+৭+৮

অথবা

নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করোঃ ৯+৯

(ক) কমেডি (খ) পৌরাণিক নাটক (গ) সামাজিক নাটক (ঘ) একাক্ষ নাটক

- ২। বেলগাছিয়া নাট্যশালা কে কবে প্রতিষ্ঠা করেন? এখানে অভিনীত নাটকগুলির পরিচয় দাও। বাংলা রঙ্গ মঞ্চের ইতিহাসে এই নাট্যশালার গুরুত্ব বিচার করো। ১৮

অথবা

নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করোঃ ৯+৯

(ক) লেবেডফ ও বেঙ্গলি থিয়েটার (খ) ন্যাশনাল থিয়েটার দ্বিতীয় পর্ব  
(গ) শ্যামবাজার নাট্যসমাজ (ঘ) নাট্যানিয়ন্ত্রণ বিল

- ৩। 'মুক্তধারা' নাটকটি কতখানি রূপক-সাংকেতিক নাটক হয়ে উঠতে পেরেছে তা আলোচনা করে দেখাও। ১৮

অথবা

'ধনঞ্জয় হচ্ছে যন্ত্রের হাতে মারখানেওয়ালাদের ভিতরকার মানুষ।' — এই মন্তব্যের প্রেক্ষিতে ধনঞ্জয় বৈরাগী চরিত্রটির স্বাতন্ত্র্য নির্দেশ করো। ১৮

- ৪। 'টিনের তলোয়ার' নাটকের সার্থকতাকে সুনিশ্চিত করেছে এর গান। — এ বিষয়ে তোমার মতামতকে ব্যক্ত করো। ১৮

অথবা

ক্ষয়িষ্ণু সময়ের প্রেক্ষাপটে এক প্রতিবাদী চরিত্র হিসাবে 'টিনের তলোয়ার' নাটকের ময়না চরিত্র বিশ্লেষণ করো। ১৮

নিম্নলিখিত ৫ অথবা ৬ নং প্রশ্নের উত্তর দাও

৭+৭= ১৪

- ৫।(ক) ‘জন্মকালের ঋণ শোধ করতে হবে। স্রোতের পথ আমার ধাত্রী, তার বন্ধন মোচন করব।’ — বক্তা কে ? ১+২+৪  
প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির নিহিতার্থ বুঝিয়ে দাও।
- (খ) ‘আমাদের জামাইবাবুর স্বভাবটা রয়ে গেছে নবাবের মতন, বুঝলেন কাপ্তেনবাবু ? কয়লা না ছাড়ে ১+১+২+৩  
ময়লা।’ — কার মন্তব্য ? জামাইবাবু কে ? প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির অভিমুখ নির্দেশ করো।
- ৬।(ক) ‘একেই কি বলে সভ্যতা’ নাটকে সমকালীন জীবনচিত্র কতখানি সার্থক হয়েছে তা — বিশ্লেষণ করে ৭  
দেখাও।
- (খ) ‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনটির সংলাপ কতটা সুপ্রযুক্ত হয়েছে তা — আলোচনা করো। ৭

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—